



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd



নং- মশিবো/বিদ্যা/নেত্র/২০১৯/ ২৪৬৭

তারিখ : ২২/০৩/২০২০

বিষয় : বিদ্যালয় স্থাপনার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/০২/২০২০ খ্রিঃ তারিখের স্মারক নং - ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০২৮.১৭(অংশ)-৯৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলাধীন গোবিন্দপুর-বড়ইউন্দ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এর স্থাপনার অনুমতি প্রদানের লক্ষ্যে বোর্ড কর্তৃক পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন কর্মকর্তার সুপারিশ ও মন্তব্য সম্বলিত প্রতিবেদনটি পরবর্তী সদয় নির্দেশনার জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রফেসর ড. গাজী হাসান কামাল

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,

ময়মনসিংহ

দৃষ্টি আকর্ষণ :

সিনিয়র সহকারী সচিব

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

শিক্ষা মন্ত্রণালয়

শাখা- ১১ (মাধ্যমিক- ১)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্ত : ০২ (দুই) ফর্দ



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : chairmanbisemym@gmail.com,

www.mymensingheducationboard.gov.bd



বিদ্যালয় স্থাপনের জন্য পরিদর্শন

পরিদর্শনের আদেশঃ স্মারক নং- মশিবো/বিদ্যা/২০১৯/২৪৩৫

তারিখঃ ১৯/০৮/২০২০

বিদ্যালয়ের নাম (প্রস্তাবিত) : গোবিন্দপুর-বড়ইউন্দ নিম্ন মাধ্যমিক বিদ্যালয়।

ঠিকানা : কলমাকান্দা, নেত্রকোণা।

পরিদর্শনকারী নাম ও পদবী : জনাব সাখাওয়াত হোসেন,

সহকারী-পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।


পরিদর্শনের তারিখ : ২৪/০৮/২০২০

পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো

ক্রমিক নং	বিষয়	নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্তসমূহ	বিদ্যালয়ের বর্তমান অবস্থার বর্ণনা	শর্ত পূরণ হয়েছে কিনা এ সম্পর্কে মতামত
১	প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থান (মহানগর পৌর ও শিল্প এলাকা/মফস্বল)	মফস্বল এলাকায়	উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রী এবং ভৌত অবকাঠামো ভাল।	শর্ত পূরণকৃত
২	বিদ্যালয়ের চতুর্দিকে বিদ্যমান নিকটতম বিদ্যালয় সমূহের দূরত্ব	দিক	বিদ্যালয়ের নাম	প্রস্তাবিত বিদ্যালয়ের অবস্থায় হতে দূরত্ব
		পূর্ব	সুনামগঞ্জ জেলার মধ্যনগর উপজেলার বিদ্যালয়।	১২ কিঃমিঃ
		পশ্চিম	একতা উচ্চ বিদ্যালয়।	০৫ কিঃমিঃ
		উত্তর	কলমাকান্দা সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়।	১২ কিঃমিঃ
		দক্ষিণ	হাজীগঞ্জ উচ্চ বিদ্যালয়।	১০ কিঃমিঃ
৩	প্রস্তাবিত থানা/উপজেলার মোট জনসংখ্যা	২,৭১,৯১২ জন		
৪	প্রস্তাবিত থানা/উপজেলার বিদ্যমান বিদ্যালয়ের সংখ্যা	২৫ টি		
৫	প্রস্তাবিত বিদ্যালয়ের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যা	১। সুনামগঞ্জ জেলার মধ্যনগর উপজেলার বিদ্যালয়। ২। একতা উচ্চ বিদ্যালয়। ৩। কলমাকান্দা সরকারী পাইলট উচ্চ বিদ্যালয়। ৪। হাজীগঞ্জ উচ্চ বিদ্যালয়।		
৬	জনসংখ্যা অনুযায়ী নতুন বিদ্যালয়ের প্রাপ্যতা রয়েছে কিনা?	প্রাপ্যতা রয়েছে	প্রায় ৮,৪২৯ জন	বিদ্যালয় ক্যাচমেন্ট এলাকার জনসংখ্যা
৭	সম্ভাব্য জমির পরিমাণ (শতাংশ)	০.৬৪ একর		
৮	উদ্যোক্তা/ উদ্যোক্তাগণের পরিচয় ও সমাজ সেবায় অবদান	১৫৭ নেত্রকোণা ১ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মানু মজুমদার, এম.পি মহোদয়।		
৯	প্রস্তাবিত এলাকায় বিদ্যালয় স্থাপনের যৌক্তিকতা	প্রত্যন্ত ও হাওড় এলাকা বিধায় বর্ষাকালে অন্য কোন প্রতিষ্ঠানের যাওয়ার মত সুযোগ নাই। তাই স্থানীয় জনগণের আকাঙ্ক্ষার প্রেক্ষিতে বিদ্যালয় স্থাপনের প্রয়োজনীয়তা রয়েছে।		
১০	বিদ্যালয় স্থাপন ও পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান	উদ্যোক্তার নিজস্ব অর্থায়নে পরিচালিত হবে।		

মন্তব্য ও সুপারিশঃ শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০২৮.১৭(অংশ)-৯৬ তারিখ: ১৩/০২/২০২০ খ্রিঃ নির্দেশক্রমে নেত্রকোণা জেলার কলমাকান্দা উপজেলাধীন গোবিন্দপুর-বড়ইউন্দ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় এর স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। উপজেলা সদর হতে দূরবর্তী ও হাওড় অঞ্চলের জনবহুল এই এলাকায় বিদ্যালয়টি প্রতিষ্ঠার যথেষ্ট গুরুত্ব রয়েছে। প্রস্তাবিত বিদ্যালয়টির আশে পাশে কয়েকটি প্রাথমিক বিদ্যালয় রয়েছে। যাদের প্রাথমিক শিক্ষা শেষে দূরবর্তী মাধ্যমিক স্কুলে ভর্তির জন্য যেতে হয় যা অত্যন্ত কষ্টকর। উদ্যোক্তা জনাব মানু মজুমদার এম.পি মহোদয়, স্থানীয় সংসদ সদস্য নেত্রকোণা-১, ও এলাকাবাসীর ইচ্ছা আকাঙ্ক্ষার ফলশ্রুতিতে এবং শিক্ষার্থীদের নিকটতম প্রতিষ্ঠানে পড়াশুনা করার সুযোগ দানে গোবিন্দপুর-বড়ইউন্দ নিম্ন মাধ্যমিক বিদ্যালয় স্থাপনের জন্য সুপারিশ করা হলো।

এমতাবস্থায় ছকে প্রদত্ত তথ্যের আলোকে উল্লিখিত বিদ্যালয়টি স্থাপনের লক্ষ্যে পরিদর্শন প্রতিবেদন পরবর্তী নির্দেশনার জন্য প্রেরিত হলো।


২২/০২/২০২০
পরিদর্শন কর্মকর্তা
স্বাক্ষর ও সীল
সাধাওয়াজ হোসেন (০১৫৭৭১)
(বি.সি.এস.সি.শি.)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ।